



বাংলাদেশ প্রেস কাউন্সিল

৪০, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

www.presscouncil.gov.bd

২৪ চৈত্র ১৪২৭

নং-১৫.৬৩.০০০০.০০২.০৫.০০২.২০- ১৮১

তারিখ: -----

৭ এপ্রিল ২০২১

অফিস আদেশ

বিষয় : বাংলাদেশ প্রেস কাউন্সিলের একটি সেবা সহজীকরণ জাতীয়ভাবে রেপ্লিকেশন।

প্রেস কাউন্সিল অ্যাক্ট ১৯৭৪ অনুযায়ী কোনো সংবাদপত্রে জনরুচি বা সাংবাদিকতার নীতিমালা পরিপন্থী সংবাদ প্রচারের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সংবাদপত্র বা সম্পাদক বা সাংবাদিকের বিরুদ্ধে প্রেস কাউন্সিলে অভিযোগ দায়ের করতে পারেন। যা শুনানিঅন্তে রায় প্রদানের মাধ্যমে নিষ্পত্তি করা হয়। এছাড়া জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক কোনো সংবাদপত্রের ডিক্লারেশন প্রদানে অস্বীকৃতি বা বিচ্যুতি বা ডিক্লারেশন বাতিলের আদেশের বিরুদ্ধে কোনো সম্পাদক বা প্রকাশক প্রেস কাউন্সিলের চেয়ারম্যানের নেতৃত্বে গঠিত প্রেস অ্যাপিলেট বোর্ডে আপিল দায়ের করতে পারেন। উক্ত আপিল শুনানিঅন্তে রায় প্রদানের মাধ্যমে নিষ্পত্তি করা হয়।

বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদন সূচক নং- ১২.১.১ অনুযায়ী প্রেস কাউন্সিলে দায়েরকৃত অভিযোগ/আপিল এর রায় প্রাপ্তি আরও সহজীকরণ করার লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ প্রেস কাউন্সিলে “মামলার রায় অনলাইনে প্রকাশ” নামে একটি সেবা সহজীকরণ পাইলটিং বাস্তবায়ন করা হয়েছে। সকল সেবাপ্রত্যাশী যেকোনো জায়গা হতে প্রেস কাউন্সিলের ওয়েবসাইটে নিষ্পত্তিকৃত সকল অভিযোগ/আপিলের রায় দেখতে পারবেন।

অতএব, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদন সূচক নং- ১২.২.১ অনুযায়ী বর্ণিত সেবা সহজীকরণ জাতীয়ভাবে সম্প্রসারণ/রেপ্লিকেশন বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

মোঃ শাহ আলম
সচিব(যুগ্মসচিব)

ফোন : ৯৫৮২২৫৭

ইমেইল : secretary@presscouncil.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। কাউন্সিলের সকল সদস্যবৃন্দ।
- ২। সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ প্রেস কাউন্সিল।
- ৩। উচ্চমান সহকারী, বাংলাদেশ প্রেস কাউন্সিল।
- ৪। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ প্রেস কাউন্সিল।
- ৫। পেশকার, বাংলাদেশ প্রেস কাউন্সিল।
- ৬। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ প্রেস কাউন্সিল।
- ৭। দপ্তর কপি।